উপজেলা পরিষদ

জৈন্তাপুর, সিলেট।

উপজেলা পরিষদ, জৈন্তাপুর,সিলেট এর ডিসেম্বর/২০২৪ইং মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : উম্মে সালিক রুমাইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
তারিখ : ১২/১২/২০২৪ খ্রিষ্টাব্দ
সময় : দুপুর ১২.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -খ

সভাপতি আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন।	আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনী না থাকায় সভায় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট।
০২	গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
০৩	বিভিন্ন রাজস্ব ব্যয় অনুমোদন	(ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা ভূমি অফিসের অফিস কার্যক্রম পরিচালনা করার নিমিত্তে পানি সরবরাহ করার জন্য পানির পাম্প ক্রয় এবং কাজের মজুরী বাবদ ১৬,০০০/- (ষোল হাজার) টাকার বিল, অফিসিয়াল কাজে ব্যবহারের জন্য ১টি স্টীল আলমারী ক্রয়বাবদ ২৪,৯৮০/- (চব্বিশ হাজার নয়শত আশি) টাকার বিল, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসারদের নভেম্বর/২৪ইং মাসের গ্যাস সিলিন্ডার ক্রয়ের বিল এবং আনসারদের বিদ্যুৎ বিল বাবদ সর্বমোট ৩,১০০/- (তিন হাজার একশত) টাকার বিলসহ নিয়মিত ও নির্ধারিত বিভিন্ন বিল সভায় উপস্থাপন করেন। সভায় উক্ত বিলসমূহ পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ক) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত বিল সমূহ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।

০৪	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	(ক) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, জৈন্তাপুর উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (এডিপি থোক+ রাজস্ব উদ্বৃত্ত) বরাদ্দকৃত অর্থে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য গত ০৯/১২/২০২৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাছাই কমিটির সভায় প্রকল্পসমূহ বাছাই করা হয়েছে। তিনি সভায় প্রকল্প সমূহ উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। (খ) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ০৮ ডিসেম্বর ২০২৪খ্রিঃ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৪৫. ১৮.২২৪.২২-২২৯ নং স্মারকে ২০২৪-২০২৫ অর্থ বছরে জৈন্তাপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নযোগ্য নিম্নোল্লেখিত ০৫(পাঁচ)টি প্রকল্পের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। ১) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত – ৪,৮০,০০০/- ২) উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ও কর্মকর্তা-কর্মচারীদের অফিস কক্ষ মেরামত- ৫,৮০,০০০/- ৩) উপজেলা চেয়ারম্যান এর কার্যালয় (দ্বিতল ভবন) সংস্কার- ৬,০০,০০০/- ৪) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও সংস্কার- ৫,৫০,০০০/- ৫) উপজেলা পরিষদের উপমা মার্কেট-৩ বর্ধিতকরণ- ৫,০০,০০০/-	(ক) আলোচনান্তে 'পরিশিস্ট-গ'-তে উল্লেখিত প্রকল্প সমূহ জৈন্তাপুর উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (এডিপি থোক+ রাজস্ব উদ্বৃত্ত) বরাদ্দকৃত অর্থে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় এবং উক্ত প্রকল্প সমূহ সর্বসম্মতিক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ)আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন পত্রের নির্দেশনা মোতাবেক উল্লেখিত প্রকল্প সমূহ আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
০৫	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা হাসপাতালে অধিক সংখ্যক রোগী আসায় স্থান সংকুলান করা সম্ভব হয় না। যার কারণে অনেক রোগী বাইরে রাখতে হয়। উপজেলা হাসপাতালের ভিতরে পরিস্কার পরিচ্ছন্নতার জন্যও দুইজন ক্লিনার প্রয়োজন। এছাড়া নতুন ভবন চালু করার জন্য পর্যাপ্ত লোকবলের প্রয়োজন। লোকবলের অভাবে নতুন ভবন চালু করা সম্ভব হচ্ছেনা। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে উপজেলা হাসপাতালে অধিক সংখ্যক রোগী আসায় স্থান সংকুলান করা সম্ভব হচ্ছেনা বিধায় নতুন ভবন চালু করার জন্য দ্রুত লোকবল প্রেরণের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা স্বাস্থ্য ও পঃ কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
০৬	উপজেলা মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, অত্র উপজেলায় জেলেদের মৎস্য আহরনে নিষিদ্ধকালীন সময়ে ভিজিএফ সহায়তা প্রদানের প্রস্তাবনা রয়েছে। এমতাবস্থায় নিবন্ধিত	আলোচনান্ত প্রকৃত জেলেদের নিবন্ধন এবং বর্তমান তালিকা হালনাগাদকরণের জন্য প্রকৃত জেলেদের নামের তালিকা প্রদানের সিদ্ধান্ত	উপজেলা মৎস্য কর্মকর্তা ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ

		জেলেদের তালিকা হালনাগাদ করা প্রয়োজন। তিনি প্রকৃত জেলেদের নিবন্ধন এবং বর্তমান তালিকা হালনাগাদকরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন।	গৃহীত হয়।	(সকল) জৈন্তাপুর,সিলেট।
০৭	উপজেলা নির্বাচন বিভাগ	উপজেলা নির্বাচন কর্মকর্তা সভাকে জানান যে, আগামী ২রা মার্চ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ হবে। জৈন্তাপুর উপজেলার স্মার্ট কার্ড চলে এসেছে। শীগ্রই ইউনিয়নওয়ারী স্মার্ট কার্ড বিতরণ শুরু হবে। সকল বিষয়ে তিনি ইউনিয়ন পরিষদের চেয়াম্যানগনসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাচন কর্মকর্তা, জৈন্তাপুর,সিলেট।
০৮	বিবিধ	ক) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদ মিলনায়তনে অনেক প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। বেশির ভাগ প্রোগ্রাম অধিক সময় ধরে অনুষ্ঠিত হওয়ায় উপজেলা রাজস্ব তহবিল হতে হলরুমের অনেক বিদ্যুৎ বিল পরিশোধ করতে হয়। তাই সরকারী অফিস ব্যাতিত বেসরকারী ডে সকল প্রোগ্রাম হলরুমে অনুষ্ঠিত হয় তার জন্য অর্ধদিনের এবং সারা দিনের দুইরকম ভাড়া নির্ধারণ করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ক) আলোচনান্তে উপজেলা পরিষদ মিলনায়তনের অর্ধদিনের (দুপুর ১.৩০মি. পর্যন্ত) ভাড়া বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা এবং সারাদিনের ভাড়া বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা ভাড়া নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ভাড়া আগামী ১লা জানুয়ারি ২০২৫খ্রিঃ তারিখে নির্ধারিত রশিদের মাধ্যম গ্রহন করা হবে।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
		(খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা হাসপাতালের সামনে একটি দু-তলা ভবন উপজেলা পরিষদের অর্থায়নে নির্মিত হয়েছিল। উক্ত ভবন এখনো কাজে না লাগায় আপাততঃ ঐ ভবনের উপরতলায় হাসপাতালের লোকজনের সুবিধার্থে নামাজের জায়গা হিসেবে ব্যবহার করা যেতে পারে। আর নিচতলায়ে আপাততঃ একটি পাবলিক লাইব্রেরী স্থাপন করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(খ) আলোচনান্তে উপজেলা হাসপাতালের সামনে উপজেলা পরিষদের অর্থায়নে নির্মিত দোতলা ভবনের উপরতলায় হাসপাতালের লোকজনের সুবিধার্থে আপাততঃ নামাজের জায়গা হিসেবে ব্যবহার করার এবং নিচতলায়ে আপাততঃ একটি পাবলিক লাইব্রেরী স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
		(গ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, রাজবাড়ী মাঠের পাশে উপজেলা পরিষদের অর্থায়নে নির্মিত একটি ভবন রয়েছে। উক্ত	(গ) আলোচনান্তে রাজবাড়ী মাঠের পাশে উপজেলা পরিষদের অর্থায়নে নির্মিত ভবনটি উপজেলা প্রশিক্ষণ	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।

		ভবনটি উপজেলা প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহার করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	কেন্দ্র হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।	
		(ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলার বিভিন্ন দপ্তরের কার্যাবলী, সেবা ইত্যাদি বিভিন্ন বিষয়ে জনসাধারণের নিকট প্রচারের নিমিত্তে আগামী ২৩ শে ডিসেম্বর ২০২৪খ্রিঃ তারিখে ৪নং দরবস্ত ইউনিয়ন পরিষদে গিয়ে একটি প্রচারাভিযান করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ঘ) আলোচনান্তে অত্র উপজেলার বিভিন্ন দপ্তরের কার্যাবলী, সেবা ইত্যাদি বিভিন্ন বিষয়ে জনসাধারণের নিকট প্রচারের নিমিত্তে আগামী ২৩ শে ডিসেম্বর ২০২৪খ্রিঃ তারিখে ৪নং দরবস্ত ইউনিয়ন পরিষদে গিয়ে একটি প্রচারাভিযান করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত প্রচারাভিযানে সকল দপ্তরকে নিজ নিজ কার্যাবলী, সেবা ইত্যাদি বিভিন্ন বিষয়ে জনাসাধারণকে জানানোর জন্য অবশ্যই উপস্থিত থাকতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট ও বিভাগীয় প্রধান (সকল) জৈন্তাপুর,সিলেট।
		ঙ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদের বাসাবাড়ির পিছনের ময়লা আবর্জনা ও বর্জ্য পরিস্কার করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ঙ) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের 'বর্জ্য ব্যবস্থাপনা' খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা পরিষদের বাসাবাড়ির পিছনের ময়লা আবর্জনা ও বর্জ্য পরিস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
		চ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ভিতরে বসার স্থান তৈরীসহ একটি হাত ধোয়ার বেসিন স্থাপন করা প্রয়োজন। উক্ত বসার স্থান তৈরীসহ একটি হাত ধোয়ার বেসিন স্থাপন কাজে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	চ) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ভিতরে বসার স্থান তৈরীসহ একটি হাত ধোয়ার বেসিন স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
		ছ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, মহান বিজয় দিবস-২০২৪ উদযাপনের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ছ) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদযাপন খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/১২/২০২৪

উম্মে সালিক রুমাইয়া
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
জৈন্তাপুর, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৫৩.০০৩.০৩.২০১৭.১৪.৬৬৫(৪০) তারিখ : ১২/ ১২ /২০২৪খ্রি.

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:
০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ,জৈন্তাপুর,সিলেট।
০৫। উপজেলা ---------- কর্মকর্তা (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৬। চেয়ারম্যান, ---------- (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৭। অফিস কপি।

১২/১২/২০২৪

উম্মে সালিক রুমাইয়া
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

পরিশিষ্ঠ "গ"

জৈন্তাপুর উপজেলা পরিষদের ১২-১২-২০২৪ খ্রিঃ তারিখের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে বাস্তবায়নের জন্য অনুমোদিত স্কীমের তালিকা ** বার্ষিক উন্নয়ন কর্মসূচী(রাজস্ব উদ্বৃত্ত)**

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রকল্পের অবস্থান	বরাদ্দকৃত টাকা	বাস্তবায়ন পদ্ধতি
০১	জৈন্তাপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের সামনে ময়লা আবর্জনা অপসারণ করে সৌন্দর্য বর্ধন।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
০২	শাপলা বিলের ওয়াশরুম মেরামত ও জৈন্তা গেইট সংস্কার করণ ।	নিজপাট ও চিকনাগুল ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
০৩	শাপলা বিলের রাস্তা মেরামত ।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
০৪	খলারবন্দ ব্রিজ হতে কুদ্দুস মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন।		২,০০,০০০.০০	পিআইসি
০৫	যশপুর প্রাইমারী স্কুল এর ডান পাশ থেকে রহিমা বেগম এর বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
০৬	লালাখাল রাস্তায় ড্রেনেজ কালভার্ট নির্মাণ।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
০৭	সারীঘাট উত্তরপার বনবিট অফিস সংলগ্ন নুরুল ইসলামের বসতবাড়ির পাশে পুকুরঘাট নির্মাণ।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
০৮	দর্জিহাটি গড়ের পার আব্দুর রবের বাড়ী হইতে পাখী মিয়ার বাড়ী পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
০৯	ডৌডিক মারকাজুল উলুম মাদ্রাসার পুকুরের ঘাটলা নির্মাণ।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
১০	সারীঘাট সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে ড্রেইন সংস্কার ও স্লাব নির্মাণ।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
১১	বাউরভাগ কাটাখাল ব্রিজের মুখ হইতে খলিল মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে গাইড ওয়াল ও সিসি ঢালাই।	জৈন্তাপুর ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
১২	ফতেহপুর ইউনিয়নের বিভিন্ন ক্লাবে/শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সমাগ্রী বিতরণ।	ফতেহপুর ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
১৩	জৈন্তাপুর বালিকা উচ্চ বিদ্যালয়, ব্রিগেডিয়ার উচ্চ বিদ্যালয়, সারিঘাট উচ্চ বিদ্যালয়, পূর্বরাজ উচ্চ বিদ্যালয়, জৈন্তাপুর দারুস সুন্নাহ মাদ্রাসায় ডেস্ক বেঞ্চ সরবরাহ।	নিজপাট ইউপি	২,২৭,৪০৩.০০	আরএফকিউ
	বার্ষিক উন্নয়ন কর্মসূচী(রাজস্ব উদ্বৃত্ত) খাতে মোট টাকা		২৬,২৭,৪০৩.০০	
	বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি থোক)			
০১	ডৌডিক রাস্তা HBB দ্বারা উন্নয়ন।	নিজপাট ইউপি	৫,০০,০০০.০০	টেন্ডার
০২	কামরাঙ্গী রাস্তা হতে ডৌডিক রাস্তা HBB দ্বারা উন্নয়ন।	নিজপাট ইউপি	৫,০০,০০০.০০	টেন্ডার
০৩	লামনীগ্রাম ফেরীঘাট তাজুলের দোকানের পাশে ববরবন্দমূখী রাস্তার আব্দুল কাদিরের বাড়ি হইতে হারুনের বাড়ী পর্যন্ত রাস্তা পাকা করণ।	জৈন্তাপুর ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
০৪	কৃষকদের মাঝে প্রনোদনা হিসাবে গমের বীজ সরবরাহ করণ।	সমগ্র উপজেলা	২,০০,০০০.০০	টেন্ডার
০৫	ক) সারীঘাট শ্রীশ্রী রামেশ্বর মন্দিরের বৈঠক খানায় টাইলস দ্বারা উন্নয়ন। খ) জৈন্তাপুর তোহাশিহাটি পূজা মন্ডপেটর বৈঠক খানায় টাইলস দ্বারা উন্নয়ন। গ) ঘিলাতৈল মহাদেব বাড়ী পূজা মন্ডপে বৈঠক খানায় টাইলস দ্বারা উন্নয়ন।	নিজপাট ইউপি	৬,০০,০০০.০০	আরএফকিউ
০৬	নয়াখেল পশ্চিম জামে মসজিদ হইতে আব্দুল খালিক এর বাড়ী পর্যন্ত রাস্তা ইট সলিং করণ।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
০৭	নিজপাট ইউনিয়নের বিভিন্ন ক্লাবে চেয়ার বিতরণ।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
০৮	গুয়াবাড়ি উচ্চ বিদ্যালয়ে স্কুল ব্যাগ ও ছাতা সরবরাহ।	নিজপাট ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
০৯	আগফৌদ নয়াগ্রাম ওয়াবদার সামনা হইতে আল আমিনের বাড়ীর অভিমুখে রাস্তা সিসি ঢালাই।	জৈন্তাপুর ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
১০	লামনীগ্রাম মাদ্রাসার সাথে এলাকার বৈঠক খানার কোটা নির্মাণ।	জৈন্তাপুর ইউপি	৩,০০,০০০.০০	টেন্ডার
১১	কইনাখাই গ্রামের ঈদগাহ সিসি ঢালাই।	জৈন্তাপুর ইউপি	৩,০০,০০০.০০	টেন্ডার
১২	বিরাইমারা কবরস্থান হইতে বিরাইমারা মসজিদ পর্যন্ত সিসি ঢালাই।	জৈন্তাপুর ইউপি	৩,০০,০০০.০০	টেন্ডার
১৩	বিড়াখাই মাদ্রাসার সাথে এলাকার বৈঠক খানা নির্মান।	জৈন্তাপুর ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
১৪	সরুখেল-নয়াখেল রাস্তায় সমছুল করিমের বাড়ীর সামনা হতে পশ্চিম দিকের রাস্তা উন্নয়ন ও ইটাখাল - থুবাং রাস্তা উন্নয়ন।	চারিকাটা ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
১৫	চামটি-নয়াখেল রাস্তায় কালামের বাড়ীর সামনে রাস্তার ভাঙ্গায় কালভার্ট নির্মাণ।	চারিকাটা ইউপি	২,০০,০০০.০০	পিআইসি

১২-১২-২৪
(A.K.M Reaz Mahmud)
Upazila Engineer
Jaintiapur, Sylhet

১২/১২/২০২৪
উম্মে সালিক রুমাইয়া
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

১২/১২/২০২৪
(উম্মে সালিক রুমাইয়া)
প্রশাসক
উপজেলা পরিষদ
জৈন্তাপুর, সিলেট।

১৬	ইটাখাল - থুবাং রাস্তায় আইয়ুব আলী মোল্লার বাড়ীর সামনে রাস্তার ভাঙ্গায় কালভার্ট নির্মাণ।	চারিকাটা ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
১৭	মনতইল-নয়াখেল রাস্তায় সয়ফুল্লার বাড়ীর পূর্বের রাস্তার ভাঙ্গায় কালভার্ট নির্মাণ।	চারিকাটা ইউপি	১,৫০,০০০.০০	টেন্ডার
১৮	ভিত্রিখেল উত্তর আবাসন রাস্তায় আব্দুর রবের বাড়ীর সামনে রাস্তার ভাঙ্গায় কালভার্ট নির্মাণ।	চারিকাটা ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
১৯	মনতইল-বনপাড়া রাস্তায় বদরুল মিস্ত্রীর বাড়ীর সামনে রাস্তার ভাঙ্গায় কালভার্ট নির্মাণ।	চারিকাটা ইউপি	২,৫০,০০০.০০	টেন্ডার
২০	বালিদাড়া পাকা রাস্তা হইতে বালিদাড়া গ্রামের রাস্তায় ইনচান আলীর বাড়ীর উত্তরের রাস্তার ভাঙ্গায় কালভার্ট নির্মাণ।	চারিকাটা ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
২১	করগ্রাম ছোবাই মিয়ার বাড়ীর পশ্চিমে গোপাটে কালভার্ট নির্মাণ।	দরবস্ত ইউপি	৩,০০,০০০.০০	টেন্ডার
২২	দরবস্ত ইউপির বিভিন্ন ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ।	দরবস্ত ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
২৩	ছাতারখাই মরহুম উসমনা আলী মুরব্বীর বাড়ীর সামনের রাস্তা সিসি ঢালাই।	দরবস্ত ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
২৪	দরবস্ত-কানাইঘাট রোড হইতে কুড়গ্রাম মসজিদের পূর্ব পাশ পর্যন্ত রাস্তা সিসি	দরবস্ত ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
২৫	মহাইল মাদানীয়া মাদ্রাসার উঠান ঢালাই।	দরবস্ত ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
২৬	সেন্ট্রাল জৈন্তা উচ্চ বিদ্যালয়ে ডেস্ক বেঞ্চ বিতরণ।	দরবস্ত ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
২৭	হেমু হাউদপাড়া রাস্তায় ফয়জুর মিয়ার বাড়ী হতে পূর্ব দিকের রাস্তা এইচবিবি	ফতেহপুর ইউপি	৭,০০,০০০.০০	টেন্ডার
২৮	হেমু তিনপাড়া রাস্তা হতে পশ্চিম দিকের রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন।	ফতেহপুর ইউপি	৭,০০,০০০.০০	টেন্ডার
২৯	চিকনাগুল শাহী ঈদগাহ সিসি ঢালাই।	চিকনাগুল ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
৩০	৩নং ওয়ার্ডের খান চা বাগানের মোহন বাড়াইক এর বাড়ির সম্মুখ হইতে লালঘর অভিমুখী রাস্তার পার্শে ড্রেইন নির্মাণ।	চিকনাগুল ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
৩১	চিকনাগুল হাই স্কুল, এম আহমদ পাবলিক স্কুল এবং গ্রামীন সংঘ আলোর দিশারী সংস্থায় ক্রীড়া সামগ্রী বিতরন।	চিকনাগুল ইউপি	২,০০,০০০.০০	পিআইসি
৩২	৫নং ওয়ার্ডের কহায়গড় গ্রামের প্রবাসী সেবুল আহমদ এর বাড়ি হইতে পূর্ব কহাইগড় প্রাথমিক বিদ্যালয় অভিমুখী রাস্তায় ইট সলিং।	চিকনাগুল ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
৩৩	৫নং ওয়ার্ডের কহায়গড় গ্রামের মাওঃ আব্দুর রহমানের বাড়ি হইতে ৬নং ওয়ার্ডের বটমারা অভিমুখী রাস্তায় ইট সলিং।	চিকনাগুল ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
৩৪	৭নং ওয়ার্ডের ঠাকুরের মাটি মেষ্ঠীরগুল জামে মসজিদ হইতে করের মাটি গ্রাম অভিমুখী রাস্তায় ইট সলিং।	চিকনাগুল ইউপি	২,০০,০০০.০০	টেন্ডার
৩৫	চিকনাগুল ইউনিয়ন পরিবার স্বাস্থ্য কল্যাণ কেন্দ্রের রাস্তা ইট সলিং।	চিকনাগুল ইউপি	২,৬০,০০০.০০	টেন্ডার
	বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি থোক) খাতে মোট টাকা		৯৪,৬০,০০০.০০	

22-12-2028

(A.K.M Reaz Mahmud)
Upazila Engineer
Jointiapur, Sylhet

22/12/2028

উম্মে সালিক রুমাইয়া
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

22/12/2028

(উম্মে সালিক রুমাইয়া)
প্রশাসক
উপজেলা পরিষদ
জৈন্তাপুর, সিলেট।